



আয়ম খান সরকারি কমান্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd

তারিখ : ০৭/১২/২০১৯ খ্রিঃ

মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা - ২০১৮

নিয়মিত, অনিয়মিত ও গ্রেডউন্নয়ন পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

আবেদনকারীকে প্রথমে স্ব স্ব বিভাগ থেকে রেজিঃ কার্ড সংগ্রহ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/mf) এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজ ফি বাদে)। আবেদনকারীকে কলেজের প্রাপ্য ফি ও ফর্মে বর্ণিত বিশ্ববিদ্যালয়ের ফি কলেজের নির্ধারিত ব্যাংক কাউন্টারে জমা দিতে হবে।

অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্যঃ

কলেজ : (নিয়মিত ও অনিয়মিত)	৭০০/- টাকা	(টিউশন ফি ৪ x ৩০ = ১২০/-, কেন্দ্র ফি = ৪৫০/-, মৌখিক পরীক্ষার ফি = ৭৫/-, ব্যবস্থাপনা ফি = ৫০/-, সোনালী সেবা = ৫/-)
(গ্রেডউন্নয়ন ও অকৃতকার্য পরীক্ষার্থী)	৫০৫/- টাকা	কেন্দ্র ফি = ৪৫০/- ব্যবস্থাপনা ফি = ৫০/-, সোনালী সেবা = ৫/-)
বিশ্ববিদ্যালয় : (নিয়মিত ও অনিয়মিত)	২৮০০/- টাকা	(প্রতিপত্র ২৫০ x ৭) = ১৭৫০/-, ইনকোর্স : ১০০/-, টার্ম পেপার : ১০০/-, সনদ পত্র : ৩০০/-, নম্বরপত্র : ৩০০/-, মৌখিক পরীক্ষা : ২৫০/- টাকা সর্বমোট = ২৮০০/-
(গ্রেডউন্নয়ন ও অকৃতকার্য পরীক্ষার্থী)		অর্ন্তভুক্তি ফি : ৩০০/- এবং প্রতি পত্র ২৫০/- টাকা
ব্যাংক/অফিসে মোট জমা =	৩৫০০/- টাকা	তিন হাজার পাঁচশত টাকা (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীর জন্য)

- পূণ:ভর্তি প্রয়োজ্যঃ ২০১৭ এবং ২০১৭ এর পূর্বে যারা ফরম পূরণ করে নাই * অনলাইন থেকে ফরম সংগ্রহের তারিখঃ ০৫/১২/২০১৯ থেকে ১১/০১/২০২০ পর্যন্ত।
- কলেজে (স্ব স্ব বিভাগে) ফরম জমা দেওয়ার তারিখ :

ক্রমিক নং	বিষয়ের নাম	কলেজের ব্যাংক কাউন্টারে টাকা জমা দেওয়া ও পূরণকৃত ফরম জমাদানের তারিখ	
১	ব্যবস্থাপনা	০১/০১/২০২০ (ক্লাশ রোল: ৭০০১ থেকে ৭৩০০ পর্যন্ত)	বুধবার
		০২/০১/২০২০ (ক্লাশ রোল: ৭৩০১ থেকে অবশিষ্ট)	বৃহস্পতিবার
২	হিসাববিজ্ঞান	০৫/০১/২০২০ (ক্লাশ রোল: ৬০০১ থেকে ৬৩০০ পর্যন্ত)	রবিবার
		০৬/০১/২০২০ (ক্লাশ রোল: ৬৩০১ থেকে অবশিষ্ট)	সোমবার
৩	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	০৭/০১/২০২০ সকল পরীক্ষার্থী	মঙ্গলবার
৪	মার্কেটিং	০৭/০১/২০২০ সকল পরীক্ষার্থী	মঙ্গলবার

বিদ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না। ফরম পূরণ সংক্রান্ত কোন প্রকার ত্রুটি হলে mf@nubd.info নম্বর এ ই-মেইল করতে হবে। ফরম জমাদানের সময় বিভাগের রেজিস্ট্রার খাতায় অবশ্যই স্বাক্ষর করে ফরম জমা দিতে হবে।

অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় :

- স্ব স্ব বিভাগের Probable List দেখে প্রত্যেক শিক্ষার্থীর অনলাইন আবেদন ফরমে বিভাগীয় প্রধানের স্বাক্ষর দিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি করে জমা দিতে হবে।
- আবেদনকারীকে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ১ কপি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ১ কপি ছবি স্ব স্ব বিভাগে আবেদন ফরমের ফটোকপির সাথে জমা দিতে হবে।
- দুই সেট আবেদন ফরমের সাথে টাকা জমা দেওয়ার রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৩. পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীর নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৬ এবং ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০১৮ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৬ এবং ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে 'F' গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় ডিগ্রুমাত্র 'F' গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৭ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে 'F' গ্রেড পেয়েছে সেসব শিক্ষার্থী 'F' গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে 'C' এবং 'D' গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এসব শিক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।
- ২০১৭ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA- 2.5 এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় সেসব কোর্স/পত্রে 'C' এবং 'D' গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/পত্রে (সর্বোচ্চ ০২ (দুই)টি পত্রে) মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, এসব শিক্ষার্থীর ইন-কোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।

অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :

- আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উদ্ভিষিত ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। দিসস প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।
- আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

প্রতিস্বাক্ষরিত

৭/১২/১৯
অধ্যক্ষ

আয়ম খান সরকারি কমান্স কলেজ, খুলনা।

৭/১২/১৯
আইসি

মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা কমিটি - ২০১৮
আয়ম খান সরকারি কমান্স কলেজ, খুলনা।